

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-১৪
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০১৬.১৫ (অংশ)-

তারিখ: মাঘ ১৪২৬
জানুয়ারি ২০২০

বিষয়: তেজগাঁও শিল্প এলাকার প্লট নং ১৮৬ এর ১ একর জমির উপর নির্মিত 'শান্তা ওয়েস্টার্ন টাওয়ার' নামীয় বাণিজ্যিক ভবনে ১টি অফিস স্পেস হস্তান্তরের অনুমতি প্রদান।

সূত্র : সৈয়দা নূর আফজা, স্বামী- চৌধুরী মুনীর উদ্দীন মাহফুজ এর ২৭/১০/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে তেজগাঁও শিল্প এলাকার বাণিজ্যিক শ্রেণীতে রূপান্তরিত প্লট নং ১৮৬ এর ৬০ কাঠা জমির উপর নির্মিত ১৪ তলা "শান্তা-ওয়াটার্ন টাওয়ার" নামীয় বাণিজ্যিক ভবনের লেভেল-০২ এর অফিস স্পেস-০৫, ২টি কারপার্কিংসহ মোট ২৫৯২.১৫ বর্গফুট এবং ০.৩৬৫ কাঠা জমি নিম্নবর্ণিত হস্তান্তর গ্রহিতার বরাবর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে হস্তান্তরের অনুমতি প্রদান করা হলো। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে।

ক্রম প্রতিষ্ঠানের নাম	ফ্লোরের অবস্থান	অফিস স্পেস নং	মোট ফ্লোর এরিয়া+ কমন এরিয়া + কার পার্কিং, আয়তন (ব:ফু:)	হারাহারি ভাবে প্রাপ্ত জমির পরিমাণ
মোঃ আবুল হোসেন পিতা: মরহুম তৈয়বুর রহমান হাওলাদার, মাতা: মরহুমা শাসসুন্নাহার বেগম, ঠিকানা: উদয়গ্রীন, ফ্ল্যাট নং এফ-৬ (৭ম তলা), ১৪ গ্রীন স্কয়ার গ্রীন রোড, ডাকঘর নিউমার্কেট-১২০৫, থানা কলাবাগান, জেলা-ঢাকা।	লেভেল-০২	অফিস স্পেস নং ০৫	২৫৯২.১৫ বর্গফুট (২টি কারপার্কিং)	০.৩৬৫ কাঠা

শর্তাবলী:

- ১। মূল লিজ দলিলের সকল ধারা, উপ-ধারা এবং শর্তাদি হস্তান্তর গ্রহিতার উপর প্রযোজ্য হবে এবং হস্তান্তর গ্রহিতা তা মেনে চলতে বাধ্য থাকবে মর্মে হস্তান্তর দলিলে উল্লেখ করতে হবে;
- ২। এ আদেশ জারির ৬ মাসের মধ্যে রেজিস্টার্ড দলিলের মাধ্যমে হস্তান্তর দলিল সম্পাদন করতে হবে। হস্তান্তর দলিলের সাটিফাইড কপি এবং নামজারী ফি বাবদ ২০,০০০/- টাকা কোড নং ১-৩২০১-০০০১-১৮৭৬ এ বাংলাদেশ ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপিসহ মন্ত্রণালয়ে নামজারির জন্য আবেদন করতে হবে;
- ৩। মহামান্য হাইকোর্ট বিভাগের স্যুয়ামোটো রুল নং ৪০/২০১২ এবং এ প্লট/কোম্পানী সংক্রান্ত মামলার যে কোন আদেশ হস্তান্তর দাতা ও গ্রহিতা মেনে নিতে বাধ্য থাকবে;
- ৪। তেজগাঁও শিল্প এলাকার প্লটসমূহের বিষয়ে ভবিষ্যতে সরকারি কোন সিদ্ধান্ত গৃহীত হলে তা মেনে নিতে বাধ্য থাকবে। মাস্টার প্ল্যানের সংগে সাংঘর্ষিক কার্যক্রম গ্রহণ করলে তার দায়-দায়িত্ব হস্তান্তর গ্রহিতার উপর বর্তাবে এবং মাস্টার প্ল্যানের নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণ করতে হস্তান্তর গ্রহিতা বাধ্য থাকবে;
- ৫। এ জমির বিপরীতে গৃহীত ঋণের পাওনা থাকলে এ মন্ত্রণালয় উক্ত ঋণের বিষয়ে দায়ী থাকবে না এবং কোনো অনিয়ম কিংবা জাল জালিয়াতি হলে ইহার জন্য সম্পূর্ণভাবে হস্তান্তর দাতা ও গ্রহিতা দায়ী থাকবেন।

উল্লেখ্য, এ মন্ত্রণালয়ের ১২/০২/২০১৮ তারিখের ২৫.০০.০০০০.০৪৯.৩২.০১৬-১৫(অংশ)-৫০ সংখ্যক স্মারকে বর্ণিত অফিস স্পেস বন্ধকের অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

(স্বাক্ষর)

(ফেরদৌস ওয়াহিদ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৫৩৬৭

সৈয়দা নূর আফজা

স্বামী- চৌধুরী মুনীর উদ্দীন মাহফুজ

পিতা- মৃত হাজী সৈয়দ মোঃ ইলিয়াস

শান্তা-ওয়েস্টার্ন টাওয়ার

প্লট নং- ১৮৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৩২.০১৬.১৫ (অংশ)- ২৪/১(৬)

তারিখ: ০২ মাঘ ১৪২৬
২৬ জানুয়ারি ২০২০

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সাব-রেজিস্ট্রার, তেজগাঁও, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মহা ব্যবস্থাপক, শান্তিনগর শাখা, বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর, ঢাকা-১২১৭।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।

(স্বাক্ষর)

(ফেরদৌস ওয়াহিদ)

সিনিয়র সহকারী সচিব